

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” এ্যাপ্লিকেশনটি বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: দিলদার হোসেন
উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আহ্বায়ক, স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” বাস্তবায়ন কমিটি।
সভার তারিখ : ১২-১২-২০২১ খ্রি:
সময় : বিকাল ৩.০০ টা
স্থান : এনএসডিএস সম্মেলন কক্ষ (রুম নং- ৯২৪), পরিসংখ্যান ভবন।
উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” সেবাটি দ্রুত বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরে সভাপতি পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত সদস্যদের অনুরোধ করেন। এতদপ্রেক্ষিতে বিবিএস এর পরিসংখ্যান কর্মকর্তা জনাব সমাপ্তি মজুমদার বলেন পূর্ববর্তী সভায় ২০০৬, ২০০৮, ২০১৪ এবং ২০১৫-২০২০ সাল পর্যন্ত মোট ৫১ টি ইন্ডিকেটরের তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে যে সব ইন্ডিকেটরগুলোর দায়িত্ব তাকে দেয়া হয় তন্মধ্যে ৪৯, ৫০ ও ৫১ নম্বর এই তিনটি ইন্ডিকেটরের তথ্য খুঁজে পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করেন। এ পর্যায়ে সভাপতি উল্লিখিত ইন্ডিকেটরসমূহের তথ্য যে সকল প্রতিষ্ঠান হতে পাওয়া যাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করতে হবে বলে নির্দেশনা প্রদান করেন।


০২। এ পর্যায়ে সভাপতি ১-২৬ নাম্বার ইন্ডিকেটরসমূহের তথ্য সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে পরিসংখ্যান কর্মকর্তা জনাব জেরিনা পাশা বলেন তিনি অধিকাংশ ইন্ডিকেটরের তথ্য সংগ্রহ করতে পেরেছেন। কিন্তু কিছু তথ্য সময় স্বল্পতার জন্য সংগ্রহ করা সম্ভব হয়নি। সভাপতি এ পর্যায়ে সকল ইন্ডিকেটরের তথ্য ১৫/১২/২০২১ তারিখের মধ্যে সংগ্রহ এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার জন্য জনাব জেরিনা পাশা ও জনাব সমাপ্তি মজুমদারকে নির্দেশনা প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তার নাম ও পদবি	মন্তব্য
১.	যে সকল ইন্ডিকেটর সমূহের তথ্য সংগ্রহ করা হয়নি তা আগামী ১৫/১২/২০২১ তারিখের মধ্যে সংগ্রহ করে একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে।	জনাব জেরিনা পাশা, পরিসংখ্যান কর্মকর্তা এবং জনাব সমাপ্তি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)	

২.	আগামী ২০/১২/২০২১ তারিখের মধ্যে সফটওয়্যার আপগ্রেডেশন ও হোস্টিং সম্পন্ন করতে হবে। এছাড়া ২৩/১২/২০২১ তারিখের মধ্যে ডেটা আপলোড সম্পন্ন করতে হবে।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম সিস্টেম এনালিস্ট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
----	---	---

০৫। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: দিলদার হোসেন)

উপসচিব

ও

আহ্বায়ক

“স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” বাস্তবায়ন কমিটি
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

২৮ অগ্রহায়ণ ১৪২৮

তারিখ:-

১৩ ডিসেম্বর ২০২১


নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১-৯৬

বিতরণ: সদয় কাযার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। জনাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার (আইসিটি) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৩। জনাব জেরিনা পাশা, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৪। জনাব সমাপ্তি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৫। জনাব মিজা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি-১ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

জ্ঞাতার্থে (অনুলিপি):

- ০১। অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিস কপি।


মু: ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার (আইসিটি)

ও

সদস্য সচিব, ইনোভেশন টিম